Office of the Executive Engineer
Feni WD Division
BWDB, Feni.
Tel: +88-023344-74033
Email : xen.feni@bwdb.gov.bd
Web: bwdb.feni.gov.bd

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
ফেনী পানি উন্নয়ন বিভাগ
পাউবো, ফেনী
☏ +৮৮-০২৩৩৪৪-৭৪০৩৩

Bangladesh Water Development Board

স্মারক নং-নিঃপ্রঃ/ফেনী/পাউবি/৪টি-১/ ১০৭৮ তারিখঃ ০১/০৭/২০২৫ইং

**সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় কার্যক্রম ও পণ্য সরবরাহ দেওয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভুক্তি/নবায়ন বিজ্ঞপ্তিঃ**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফেনী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো ফেনী এর আওতায় সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) বাঁধ মেরামত/রিসেকশনিং/খাল খনন/পুনঃখনন/নদী তীর প্রতিরক্ষামূলক কাজ/কলোনী মেরামত ইত্যাদি কাজ ঠিকাদারের মাধ্যমে বাস্তবায়ন করা হয়ে থাকে। পিপিআর-২০০৮ অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতিতে(LTM) ০৩(তিন) কোটি টাকা পর্যন্ত মূল্যের আভ্যন্তরীন কার্য ও ২৫(পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত মূল্যের পণ্য সরবরাহের জন্য ঠিকাদারের তালিকাভুক্তি/নবায়ন করা আবশ্যক। এমতাবস্থায়, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪ তারিখ- ২০/০৭/২০২০ খ্রিঃ মোতাবেক ২০২৫-২০২৬ অর্থ বৎসরের জন্য ঠিকাদার তালিকাভুক্তি/নবায়ন করা হবে। অতএব, অত্র দপ্তরের আওতায় সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) অংশগ্রহনে ইচ্ছুক ঠিকাদারগণকে পণ্য সরবরাহ এর জন্য এবং কার্যসম্পাদনের জন্য তালিকাভুক্তিকরনের নিমিত্তে আবেদনপত্র আহবান করা যাইতেছে। ঠিকাদার তালিকাভুক্তি/নবায়ন কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তরিখ ও সময়ের পর ঠিকাদার তালিকাভুক্তি/নবায়নের আবেদন গ্রহন/বিক্রয় করা হবে না।

| | | |
|---|---|---|
| ১। | মন্ত্রনালয় | পানি সম্পদ মন্ত্রনালয়। |
| ২। | সংস্থা | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ৩। | ক্রয়কারীর নাম | নির্বাহী প্রকৌশলী(পুর), ফেনী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ফেনী। |
| ৪। | আবেদনকারীর যোগ্যতা | ১) ট্রেড লাইসেন্স, ২) ভ্যাট ও ট্যাক্স সার্টিফিকেট, ৩) ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, ৪) NID কার্ডের ফটোকপি, ৫) এফিডেভিট, ৬) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট ( কার্য এর জন্য-২৫.০০ লক্ষ টাকা এবং পণ্য এর জন্য-৩.০০ লক্ষ টাকা)। |
| ৫। | আবেদন ফি | আবেদন ফরম ফি বাবদ-৫০০/-(পাঁচশত) টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার হিসাব রক্ষন কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র বাপাউবো, ফেনী অথবা Accounts Officer, Regional Accounts Center, BWDB, Feni বরাবরে। |
| ৬। | তালিকাভুক্তিকরন ও নবায়ন ফি | নতুন তালিকাভুক্তির জন্য ৫০০০.০০ টাকা (১৫% ভ্যাট ব্যতীত) এবং নবায়নের জন্য ২০০০.০০ টাকার (১৫% ভ্যাট ব্যতীত) অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার হিসাব রক্ষন কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ফেনী অথবা Accounts Officer, Regional Accounts Center, BWDB, Feni বরাবরে। |
| ৭। | আবেদন পত্র দাখিল | প্রাক্কলন শাখা, নির্বাহী প্রকৌশলী(পুর), ফেনী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ফেনীর দপ্তরে দাখিল করতে হবে। |
| ৮। | আবেদন পত্র প্রাপ্তির স্থান | প্রাক্কলন শাখা, নির্বাহী প্রকৌশলী(পুর), ফেনী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ফেনী। |
| ৯। | ফরম বিক্রয় আরম্ভের তারিখ | ০৩/০৭/২০২৫ খ্রিঃ |
| ১০। | ফরম বিক্রয়ের শেষ তারিখ | ১৫/০৮/২০২৫খ্রিঃ |
| ১১। | তালিকাভুক্তির আবেদন গ্রহনের শেষ তারিখ | ১৬/০৮/২০২৫খ্রিঃ |

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity ) আবেদনকারীর আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারন দর্শানো ব্যতিরেকে আবেদন গ্রহন অথবা বাতিল করার ক্ষমতা রাখেন। সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) অংশগ্রহনের জন্য e-GP Registration থাকা আবশ্যক।

০১/০৭/২০২৫

(মোঃ আক্তার হোসেন মজুমদার)
নির্বাহী প্রকৌশলী (পুর)(চঃদাঃ)
ফেনী পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, ফেনী।

স্মারক নং-নিঃপ্রঃ/ফেনী/পাউবি / ৪টি-১/ ১০৭৮/১(১০) তারিখঃ ০১/০৭/২০২৫ইং

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)।

১। প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফেনী পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, ফেনী।
৩। পরিচালক, পওর পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, ৭২ গ্রীন রোড, পানি ভবন, ঢাকা ।
৫। পরিচালক, প্রচার সেল, ৭২ গ্রীন রোড, পানি ভবন, ঢাকা। বিজ্ঞপ্তি/সার্কুলারটি বহুল প্রচারিত ০১টি বাংলা ও ০১টি ইংরেজি দৈনিক পত্রিকায় ০১(এক)দিনেই প্রচারের অনুরোধসমেত প্রেরণ করা হইল।
৬। সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, লেভেল-৬,(৭ম তলা), ৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫। নোটিশটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৭। উপ-বিভাগীয় প্রকৌশলী, ফেনী পানি উন্নয়ন উপ-বিভাগ-১/২/৩, সোনাগাজী পানি উন্নয়ন উপ-বিভাগ ও ফেনী যান্ত্রিক উপ-বিভাগ, বাপাউবো, ফেনী।
৮। হিসাব রক্ষন কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ফেনী।
৯। জনাব ------------------------------------------------------------------------।
১০। দপ্তর কপি।

০১/০৭/২০২৫

নির্বাহী প্রকৌশলী(পুর)(চঃদাঃ)
ফেনী পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, ফেনী।